বঙ্গবন্ধুর জন্মবার্ষিকীতে দোয়া মহাফিল ও আলোচনা সভা

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উপলক্ষে মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের ৩নং ওয়াডের শুভরাজপুর গ্রামে আলোচনা সভা ও দোয়া মাহফিলের মধ্যে দিয়ে বঙ্গবন্ধু‘র জন্মশতবার্ষিকী পালন।

মঙ্গলবার সন্ধায় দোয়া মাহফিল পরিচালনা করেন জেলা পরিষদের সদস্য মোঃ ইমতিয়াজ হোসেন মিরন.মিরনের নেতৃত্বে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শুভরাজপুর গ্রাম প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়।

মো: আনোয়ার হোসেনের সঞ্চালনায় সভাপতিত্ব করেন মো: শমসের বিশ্বাস,এ সময় অন্যদের মধ্যে সেখানে উপস্থিত বক্তব্য রাখেন জেলা পরিষদের সদস্য মোঃ ইমতিয়াজ হোসেন মিরন, ওয়াড সভাপতি শাহার আলী, সম্পাদক মোঃ আব্দুর রশিদ, ৩ নং ওয়াড ইউ পি সদস্য মোঃ আশরাফুল হক,মোঃ কোরবান আলী, মোঃ জাহিদ হোসেন, মোঃ গোলাম, মো: নাসির উদ্দিন, মোঃ আহসান হাবিব হেনা সহ অনেকে সেখানে উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ায় করোনা ভাইরাস সচেতনতায় মৌবনের উদ্যোগে ফেষ্টুন বিতরন

করোনা ভাইরাস সংক্রান্ত জনসচেতনতার লক্ষ্যে কুষ্টিয়ার বিভিন্ন এলাকায় ফেষ্টুন ও লিফলেট বিতরণ করা হয়েছে।

কুষ্টিয়ার বিশ্বস্ত খাবার প্রতিষ্ঠান মৌবনের উদ্যোগে করোনা ভাইরাস সতর্কতা ও জনসচেতনতার জন্য এসব লিফলেট ও ফেষ্টুন বিতরন

করা হয়।

বুধবার সকালে মৌবনের সামনে থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন পয়েন্টে এসব বিতরণ কার্যক্রম শুরু হয়।

করোনা ভাইরাস সতর্কতা ও জনসচেতনতার জন্য ‘নিজে সচেতন হই, অন্যকেও সচেতনতায় উদ্বুদ্ধ করি’ লিফলেট বিতরন করা হয়।

মৌবনের জেনারেল ম্যানেজার মোশাররাফুল হক বকুল বলেন, করোনা ভাইরাস সংক্রান্ত থেকে সর্তক করার জন্য প্রয়োজন জনসচেতনতা। এ রোগ থেকে বাঁচতে কি কি করা দরকার যা লিফলেট ও ফেষ্টনের মাধ্যমে আমি সচেতন করছি এবং হাঁচি-কাশির মাধ্যেমে এ ভাইরাসটি ছড়ায় এজন্য সবাইকে সচেতন অবস্থায় চলাচল করতে হবে।

শহরের বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠান, বিভিন্ন মোড়ে ও অটোচালক, রিক্সাচালকসহ সাধারন মানুষের হাতে লিফলেট ও ফেষ্টুন তুলে দেওয়া হয়।

এসময় সাফের নির্বাহী পরিচালক মীর আব্দুর রাজ্জাক, সাংবাদিক এস এম জামালসহ সামাজিক সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন

বঙ্গবন্ধুর জন্মবার্ষিকীতে কুষ্টিয়া জেলা তাতীলীগের দোয়া মাহফিল

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উপলক্ষে কুষ্টিয়া জেলা তাতীলীগের আয়োজনে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকালে কুষ্টিয়া জেলা তাতীলীগের কার্যালয়ে এ আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

দোয়া মাহফিল পরিচালনা করেন কুষ্টিয়া জেলা তাতীঁ লীগের সদস্য

সচিব হাজী হারুন অর রশিদ।

এ সময় উপস্থিত ছিলেন তাতীলীগ কুষ্টিয়া জেলা শাখার আহবায়ক, মোঃ রুহুল আমিন, যুগ্ম আহবায়ক, সরোয়ার হোসেন, বিপুল হোসেন, হাবিবুর রহমান, আবু হোসেন লিটন, আজমল হোসেনসহ জেলা উপজেলার অন্যান্য নেতৃবৃন্দ।

কালের বিবর্তনে হারাতে বসেছে কল্যানপুর মৃৎশিল্প

কালের বিবর্তনে হারাতে বসেছে মৃৎশিল্প। যেখানে তৈরী হতো মাটির হাঁড়ি পাতিল, থালা, গ্লাস সহ নিত্য প্রয়োজনীয় তৈজসপত্র। সেসব বাজার এখন দখল করে নিয়েছে প্লাষ্টিক ও এ্যলুমিনিয়াম এর পন্য। তবে এখনও মাটির আধুনিক মানের তৈজসপত্র তৈরী করছে কুষ্টিয়ার কুমারখালী উপজেলার কল্যানপুর মৃৎশিল্প সমবায় সমিতি লিঃ।

এখানকার উৎপাদিন পণ্য স্থানীয় বাজারের চাহিদা মিটিয়ে রপ্তানি হচ্ছে পৃথিবীর বিভিন্ন দেশে। তবে আধুনিক যন্ত্রপাতি ও মূলধনের অভাবে চাহিদা মত পন্য সরবরাহ করতে পারছে না তারা। তবে অধিকাংশ ক্ষুদ্র শিল্পের মতন এখানেও রয়েছে পুঁজির সংকট। কোন কাজ না থাকায় খুবই সামান্য বেতনে কাজ করে জীবনযাপন করছে এখানকার শ্রমিকরা।

সম্প্রতি কল্যানপুর মৃৎশিল্প ঘুরে দেখা গেছে সেখানে প্রায় ৪০-৫০ জন্য নারী ও পুরুষ শ্রমিক কাজ করছে। কেউবা মাটি আর পানি দিয়ে কাদা তৈরী করছে, কেউবা থালা,বাটি, আবার কেউবা গ্লাস তৈরী করছে। কেউ আবার শুকানোর পর তা যত্মসহকারে পরিষ্কার করছে।

সেখানকার দায়িত্বরত ম্যানেজার রাজকুমার জানান, এই শিল্পের অতীত ঐতিহ্য খুবই সমৃদ্ধশালী। হাঁড়িপাতিল থেকে শুরু করে ঘর-গৃহস্থালি ও নিত্যপ্রয়োজনীয় কাজে ব্যবহার হতো মৃৎশিল্পের নানা তৈজসপত্র। আমরা এখানে মাটির তৈরী বিভিন্ন ধরনের তৈজসপত্র তৈরী করে থাকি।

সাকিরন নেছা নামের এক নারীকর্মী জানান, মাত্র তিন হাজার টাকা মাসিক বেতনে কাজ করতে হয়। স্বামী মারা গেছে। একটা মেয়ে আছে কোন উপায় না পেয়ে সংসার চালাতে এই কাজ বেছে নিয়েছে।

নাজমা খাতুন নামের এরও এক নারী কর্মী জানান, এখান কাজ করে মাস শেষে যে বেতন দেয় তার তিনভাগের এক ভাগ যাতায়াত বাবদই শেষ হয়ে যায়। তবুও কিছু করার নেই। সংষার চালাতে বাধ্য হয়ে আমাকে এই কাজ করতেই হয়।

কল্যানপুর মৃৎশিল্প’র পরিচালক বটোকৃষ্ণ পাল জানান, আমার এই প্রতিষ্ঠানে ৬০ জন শ্রমিক কাজ করে। আধুনিক যন্ত্রপাতি ও মূলধনের অভাবে চাহিদা মোতাবেক পণ্য সরবরাহ করতে পারছি না। ২০ কোটি টাকার একটি প্রকল্প প্রতিষ্ঠানটি সমবায় বরাবর দাখিল করলেও তা এখনও অনুমোদন হয়নি।

মৃৎশিল্প থেকে কেনাকাটা করতে আসা হাবিবুল আলম বলেন, বাঙালির শিল্প-সংস্কৃতির সাথে মিশে আছে হাজার বছরের ঐতিহ্য। সে ঐতিহ্য বাঙালি বুকে লালন ও পালন করে আসছে যুগ যুগ ধরে। তেমনি বাংলার এক শিল্প মৃৎশিল্প। এই শিল্পের অতীত ঐতিহ্য খুবই সমৃদ্ধশালী। হাঁড়িপাতিল থেকে শুরু করে ঘর-গৃহস্থালি ও নিত্যপ্রয়োজনীয় কাজে ব্যবহার হতো মৃৎশিল্পের নানা তৈজসপত্র। তবে এখন আর সেসবের অনেকটাই নেই বললেই চলে। আমি পরিবার পরিজন নিয়ে এই মৃৎশিল্প ঘুরতে এসেছি। পাশাপাশি পছন্দসই সব তৈজসপত্র এখান থেকে ক্রয় করেছি।

কুষ্টিয়া জেলা সমবায় কার্যালয়ের কর্মকর্তা মিজানুর রহমান জানান, প্রযুক্তির উন্নয়নের ফলে ঐতিহ্যবাহী মৃৎশিল্পের ব্যবহার কমে গেছে অনেকাংশে, আর এ শিল্পের জায়গা দখল করে নিয়েছে প্লাস্টিকসহ অন্যান্য সামগ্রী। এগুলো স্বাস্থ্য ও পরিবেশের জন্যও মারাত্মক ক্ষতিকর। তবু এগুলো ব্যবহার হচ্ছে অবলীলায়। তবে কুষ্টিয়ার তৈরী এই মাটির পাত্র আবার সম্ভাবনা দেখাচ্ছে নতুন করে। তিনি আরও জানান, একটি প্রকল্প প্রতিষ্ঠানটি সমবায় বরাবর দাখিল করলেও তা এখনও অনুমোদন হয়নি। ইতিমধ্যে প্রকল্পটি গুরুত্বপূর্ন বিবেচনা করে বিভাগীয় সমবায় কার্যালয়ে অনুমোদনের জন্য পাঠানো হয়েছে। আশা করি প্রকল্পটি বাস্তবায়ন হলে এই মৃৎশিল্পের হারানো গৌরব ফিরে পাবে। পাশাপাশি আরও অনেক মানুষের কর্মসংস্থানের সৃষ্টি হবে।

মৃৎশিল্প একসময়ে বিলুপ্ত হয়ে গেলেও বাঙালির জীবন থেকে এই শিল্প একেবার মুছে যাবে না। হাজার বছর ধরে এসব পণ্য কালের স্বাক্ষী হয়ে

থাকবে আমাদের সংস্কৃতির সাথে। তাই এই শিল্পকে বাাঁচাতে সরকারকে উদ্দোগী হতে হবে বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

মেহেরপুরে হোম কোয়ারেন্টাইনে ৩০ প্রবাসী, নতুন ৯

করোনা ভাইরাস মোকাবিলায় সংক্রমণ এড়াতে বিভিন্ন দেশ থেকে আসা নতুন ৯জন প্রবাসীকে মেহেরপুরে হোম কোয়ারেন্টাইনে রাখা হয়েছে। এ নিয়ে ৩০ জনকে হোম কোয়ারেন্টাইনে রাখা হয়েছে।

বুধবার দুপুরে মেহেরপুরের সিভিল সার্জন ডা. নাসির উদ্দীন এ তথ্য জানান। এদের মধ্যে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আওতায় নতুন করে ৩ জন সহ ১৯ জন, মেহেরপুর জেনারেল হাসপাতালের আওতায় ৩জন ও মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আওতায় নতুন করে ৬ সহ ৮ জন।

তিনি জানান, সাম্প্রতিক সময়ে সিঙ্গাপুর থেকে আসা সাতজন, মালয়েশিয়া থেকে চারজন, সৌদি আরব, কাতার, পর্তুগাল, ইটালি ও বাহারাইন থেকে একজন করে প্রবাস ফেরত ব্যক্তিকে রাখা হয়েছে হোম কোয়ারেন্টাইনে। তবে এখনো পর্যন্ত করোনার কোন লক্ষণ তাদের শরীরে পাওয়া যায়নি।

মেপ্র/ইএম

মেহেরপুরে মুজিববর্ষে ১০০ পাখি

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]/[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

এসময় ইউনিভার্সিটির অধ্যাপক ড.মোঃ আকতারুজ্জামান, সিনিয়র সিস্টেম অ্যানালিস্ট মুহাম্মদ শাহীনূল কবীর, সহকারী অধ্যাপক মোঃ আশরাফজ্জামান,প্রোগ্রামার অনিত কুমার রায়-সহ ইউনিভার্সিটির শিক্ষক, কর্মকর্তা- কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

পুষ্পস্তবক অর্পণ শেষে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুনাজ আহমেদ নূর বলেন, প্রযুক্তি নির্ভর বাংলাদেশ গড়ে তুলতে হলে জাতির পিতার আদর্শকে ধারণ করে জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে আমাদের একযোগে কাজ করে যেতে হবে।

তিঁনি বঙ্গবন্ধু স্বপ্নের সোনার বাংলার অধুনিক রূপ প্রযুক্তি নির্ভর বাংলাদেশ গঠনে তরুণ প্রজন্মকে বঙ্গবন্ধুর আদর্শে অনুপ্রাণিত হয়ে কাজ করার আহবান জানান।

মেপ্র/এমএফআর

ঝিনাইদহে মুজিববর্ষে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের আলোচনা সভা ও দোয়া মাহফিল

ঝিনাইদহে মুজিববর্ষে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের আলোচনা সভা কেক কাটাসহ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার সকালে শহরের এইচ এস এস সড়কের জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ে এ আয়োজন করা হয়।

এ সময় জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ের সহকারি পরিচালক আজিজুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, সহ-সভাপতি ফয়সাল আহমেদ, নির্বাহী সম্পাদক সুলতান আল একরাম।

এসময় জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ের সকল কর্মকর্তা

কর্মচারিসহ নানা শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন। আলোচনাসভা শেষে কেক কেটে স্মরণ করা হয় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। পরে তার বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহে জাতির জনক বঙ্গবন্ধু: জন্মশতবর্ষে শ্রদ্ধাঞ্জলি বইয়ের মোড়ক উন্মোচন

ঝিনাইদহ পাগলা কানাই একাডেমির আয়োজনে জাতির জনক বঙ্গবন্ধু জন্মশতবর্ষে শ্রদ্ধাঞ্জলি বইয়ের মোড়ক উন্মোচন করা হয়। গতকাল মঙ্গলবার দুপুরে পৌর সুপার মার্কেট অফিসে বইয়ের মোড়ক উন্মোচন করা হয়েছে। ঝিনাইদহ পৌরসভার মেয়র সাইদুল করিম মিন্টুরসভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার বদরুদ্দোজা শুভ। আরও উপস্থিত ছিলেন রেড়িও নবগঙ্গা চেয়ারম্যান আরমিজা শিরিন আক্তার এমি,ড.তপন কুমার গাঙ্গুলী ও কাজী পিকু প্রমূখ।

ঝিনাইদহে মুজিববর্ষে সিও সংস্থার আলোচনা সভা ও দোয়া

মাহফিল

ঝিনাইদহে মুজিববর্ষ উপলক্ষে সিও সংস্থার উদ্যোগে আলোচনা সভা, কেক কাটাসহ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার দুপুরে শহরের চাকলাপাড়ার সিও কনভেনশন সেন্টারে এ আয়োজন করা হয়। এ সময় সিও সংস্থার নির্বাহী পরিচালক সামছুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শহর সমাজ সেবা অফিসার মমিনুর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ মিডিয়া হাউজের সভাপতি এম রবিউল ইসলাম রবি, সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ, সাংবাদিক মোস্তফা কামাল, মেহেদি হাসান সবুজ, সোহাগ আলী, সাদ্দাম হোসেন, সুলতান আল একরাম, খাইরুল ইসলাম নিরব।

এসময় সিও সংস্থার সকল কর্মকর্তা কর্মচারিসহ নানা শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন। আলোচনাসভা শেষে কেক কেটে স্মরণ করা হয় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। পরে তার বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।